

# তিরুবনন্তপুরম ঘোষণা পত্র



## আমাদের সম্মিলিত ডিজিট্যাল ভবিষ্যতের জন্য নতুন বাস্তবত্বের উদ্ভাবন

আমরা সারা বিশ্বের প্রতিনিধিরা তিরুবনন্তপুরমের “কেরলা আর্টস আন্ড ক্রাফটস ভিলেজ” এ ২-রা ডিসেম্বর “রুটস্ অফ রেসিলিয়েন্স” সম্মেলনে জমায়েত হয়েছি প্রযুক্তি ও সামাজিক মেলবন্ধনের কল্পনা করতে, যা সৌভাত্ত্ব ও সহযোগিতা নীতির উপর ভিত্তি করে তৈরি হবে।

সহযোগিতামূলক উৎপাদন নীতির উপর ভিত্তি করে তৃণমূলস্তরে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন মঞ্চ, উগ্র ডিজিট্যাল পুঁজিবাদের প্রলোভনকে ছাপিয়ে যাবে। এরজন্য এক আমূল পরিবর্তন জরুরী।

আমাদের সামগ্রিক ডিজিট্যাল ভবিষ্যত প্রযুক্তিগত সম্পদের যৌথ মালিকানা কল্পনা করবে। ইহা উদ্ভাবনী বাস্তবত্বের অন্তর্ভুক্তিমূলক, সমতায়ুক্ত, প্রকৃত এবং সৃজনশীল সমাজ তৈরি করবে। আমরা এখানে পাঁচটি বিষয়সূচি তৈরি করব যাতে এই লক্ষ্যে পৌঁছতে পারি।

### 1. জনগণের পণ্য উদ্ভাবনের এক নতুন দৃষ্টান্ত

- ডিজিট্যাল গণ-পণ্য যা জনসম্মুখে আর্থিক সহায়তা প্রাপ্ত ও মানুষ পরিচালিত, তা মানুষের উপর নস্য দায়িত্বকে উজ্জ্বল করে ও মূল্যবোধের সম-অংশিদারিত্বের মাধ্যমে এক উদৌগিক সংস্কৃতি তৈরিতে উৎসাহিত করে।
- নীতি অবশ্যই জনগণের জন্য সংযোগকে সুলভ করবে, ক্লাউড সার্ভিস, সার্বজনীন তথ্য ভাণ্ডার, ডিজিট্যাল বুদ্ধিমত্তা, লাইসেন্স স্ট্যান্ডার্ড ও অন্যান্য ডিজিট্যাল পরিকাঠামোকে প্রাপ্ত করবে।
- প্রাপ্ত তথ্যকে ব্যবহার করে জ্ঞান নির্মাণের সামুদায়িক অধিকার ও প্রশাসনিকভাবে তাকে সর্বতোভাবে রক্ষার বন্দোবস্ত করতে হবে।

### 2. ভবিষ্যতের কাজকে ক্ষমতায়নের জন্য একটি ‘সমগ্র-সমাজ’ দৃষ্টিভঙ্গি

- অস্থির অর্থনীতি যা কর্মচারীদের অমানবিকভাবে সমাজ থেকে আলাদা করে, তাকে নারিবাদী সামাজিক-মানে পরিবর্তনের মাধ্যমে কর্মীদের জন্য ন্যায়, সমতা ও মর্যদাপূর্ণ এক কাজের মঞ্চ তৈরি করতে হবে।
- চিরাচরিত পদ্ধতিগত শোষণ যুক্ত সমাজ এই কাজে অসমর্থ। পদ্ধতিগত বুদ্ধিমত্তা অবশ্যই মানুষের অনবধানতা ও সামাজিক নিয়ম এবং সামাজিক দায়-দায়িত্বের উপর নির্ভরশীল।
- কর্মীদের নিজস্ব মঞ্চকে অবশ্যই লালন করতে হবে যাতে পরবর্তী প্রজন্মের অর্থনীতিকে উন্মুক্ত করা যায়, যা সম্পদের নেটওয়ার্কে পুনঃবন্টিত করবে ও তথ্যকে মূল্য দেবে।

### 3. ডিজিট্যাল-যুগ সামাজিক উদ্যোগ ও সমবায় যুগান্তরকারী হবে

- প্রতিদ্বন্দিতামূলক ও টেকসই সমবায় অর্থনীতির মঞ্চ নতুন প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা ও আইনি বৈধতার উপর নির্ভর করে। মহিলা ও যুব-সম্প্রদায় পরিচালিত উদ্যোগের জন্য বিশেষ আইনি সহায়তা জরুরী।
- কর ছাড়, অগ্রাধিকারের ভিত্তিতে ভুক্তিকরণ এবং সরকারী অর্থনৈতিক সহায়তা ইত্যাদি উৎপাদকদের সমবায়িক ও ডিজিট্যাল অর্থনীতিতে কার্যকরীভাবে অংশগ্রহণের জন্য গুরুত্বপূর্ণ নীতিউপকরণ।

### 4. নাগরিক বুদ্ধিমত্তা এবং সামাজিক-রাজনৈতিক নাগরিকত্ব

- ডিজিট্যাল পরিবর্তনকে অবশ্যই একটি গনতান্ত্রিক, সমালোচনামূলক যুক্তি, ও নাগরিক-উপভোক্তা ডিজিট্যাল অধিকার সমৃদ্ধ একটি রাজনৈতিক দৃষ্টিভঙ্গি দ্বারা লালন হবে।
- রাষ্ট্রের শিক্ষা ও প্রশিক্ষণ নীতিতে সহযোগিতামূলক, সামাজিক উদ্যোগ মডেল ও মেন্টরশিপ(পরামর্শমূলক) কর্মধারাকে অগ্রাধিকার দিতে হবে।

### 5. একটি টেকসই ডিজিট্যাল পরিবর্তন

- প্রযুক্তির দায়িত্বশীল ব্যবহার একটি টেকসই সমাজ নির্মাণ করে। ডিজিট্যালকরণের জন্য পরিবেশবান্ধব নীতিপ্রনয়ন জরুরী।
- কৃত্রিম-বুদ্ধিমত্তা অর্থনীতি অবশ্যই পুনঃনবিকরণ, স্থানীয় জ্ঞানকে সমৃদ্ধ টেকসই জীবিকা ও সম্প্রতিমূলক মানব ও মানবের জগতের সহবস্থানকে সাহায্য ও সুনিশিত করবে।



এটিকে অনুমোদন করতে লিখুন - [itforchangeccc2023@gmail.com](mailto:itforchangeccc2023@gmail.com)

